# কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

৯৪. রিযিক আসতে দেরি হচ্ছে এমন মনে করা

মূলতঃ প্রত্যেকের রিযিক তার নিজ সময় মতোই আসে। তা আসতে এতটুকুও দেরি হয় না।

জাবির (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

لاَ تَسْتَبْطِئُوْا الرِّزْقَ ؛ فَإِنَّهُ لَمْ يَكُنْ عَبْدٌ لِيَمُوْتَ حَتَّى يَبْلُغَهُ آخِرُ رِزْقٍ هُوَ لَهُ ، فَاتَّقُوْا اللهَ ، وَأَجْمِلُوْا فِيْ الطَّلَبِ ؛ أَخْذِ الْحَلاَلِ ، وَتَرْكِ الْحَرَامِ

“তোমরা তোমাদের রিযিক আসতে দেরি হচ্ছে এমন মনে করো না। কারণ, কোন বান্দাহ্ মরবে না যতক্ষণ না তার শেষ রিযিকটুকু তার নিকট পৌঁছে। অতএব তোমরা আল্লাহ্ তা’আলাকে ভয় করো এবং রিযিক অনুসন্ধানে শরীয়তের সুন্দর পথ অবলম্বন করো। তথা হালাল গ্রহণ করো এবং হারামকে বর্জন করো’’।[1]

>

## ফুটনোট

[1] (স’হী’হুল-জা’মি’, হাদীস ৭৩২৩)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11344

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন